

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

খফ ২৫৩০৩০৭

চুক্তি নং-৪৬.০৫.০০০০.২০৩.৩১.০০১.১৯/২০২৩-২৪/ডিসি-০১, তারিখ -০১ আগস্ট ২০২৩খ্রিঃ।

চুক্তিপত্র

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ওয়াসা ভবন, থানা : তেজগাঁও, ঢাকা-১২১৫ এর পক্ষে উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা।

প্রথম পক্ষ :

বনাম

জনাব মশিউর রহমান খান, প্রোপাইটর, গ্যালাক্সি ম্যানেজমেন্ট সার্ভিস, দোকান নং-০৪, ৪র্থ তলা, রজনীগন্ধা টাওয়ার, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।

দ্বিতীয় পক্ষ :

ঢাকা ওয়াসার ওয়াসা ভবনস্থ নবনির্মিত ০২(দুই)টি ফ্লোর অর্থ্যাৎ ১৫তম ও ১৬তম তলার অফিস পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ ১ আগস্ট, ২০২৩ খ্রিঃ তারিখ হতে শুরু করার লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে নিম্নে আরোপিত শর্ত সাপেক্ষে ২য় পক্ষ সম্মত হওয়ায় অদ্য ইংরেজী-০২-দিন-০৮-মাস, ২০২৩ খ্রিস্টাব্দে এবং বাংলা-০৭-দিন-০৮-মাস ১৪৩০ বঙ্গাব্দে উভয় পক্ষের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হলো।

চলমান পাতা-২

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

খফ ২৫৩০৩০৮

শর্তাবলী :

- ১। মাসিক ৫৩,৯৯০/- টাকা হিসেবে ১০(দশ) মাসের জন্য সর্বমোট (৫৩,৯৯০ × ১০) = ৫,৩৯,৯০০/- (পাঁচ লক্ষ উনচত্ব্বিশ হাজার নয়শত) টাকায় ১ আগস্ট, ২০২৩ হতে ৩১ মে, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ১০(দশ) মাস টাকা ওয়াসার ওয়াসা ভবনস্থ নবনির্মিত ০২(দুই)টি ফ্লোর অর্থ্যাৎ ১৫তম ও ১৬তম তলার অফিস পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ করার জন্য ২য় পক্ষকে (গ্যালাক্সি ম্যানেজমেন্ট সার্ভিস) কে নিয়োগ করা হলো। উভয় পক্ষ ৩০(ত্রিশ) দিনের লিখিত নোটিশে এই চুক্তিনামা বাতিল করতে পারবেন।
- ২। ২য় পক্ষ (ঠিকাদারী প্রতিষ্ঠান) কর্তৃক নিয়োগকৃত প্রয়োজনীয় জনবল ও ক্লিনিং কাজে ব্যবহৃত কেমিক্যাল (প্রাক্লেন বর্ণিত) দ্বারা টাকা ওয়াসা ভবনস্থ ১৫তম ও ১৬তম তলার অফিস কক্ষ, দরজা, জানালা, ওয়াশরুম, বেসিন, করিডোর, ফ্লোর, গ্লাস, ফ্যান ইত্যাদি নিয়মিত পরিষ্কার করতে হবে।
- ৩। শুক্রবার ব্যতিত প্রতিদিন সকাল ৮টা হতে বিকাল ৫টা পর্যন্ত সার্বক্ষণিক প্রয়োজনীয় সংখ্যক জনবল পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত থাকবে। বিশেষ প্রয়োজনে অতিরিক্ত সময় পরিচ্ছন্নতার কাজ করতে হবে।
- ৪। ২য় পক্ষ (ঠিকাদারী প্রতিষ্ঠান) কর্তৃক পরিচ্ছন্নতা কাজে নিয়োগকৃত সুপারভাইজার (ক্লিনার) কর্তৃক সার্বক্ষণিক পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ মনিটর করতে হবে।
- ৫। ২য় পক্ষ (ঠিকাদারী প্রতিষ্ঠান) কোন কারণে প্রত্যেক মাসের শুক্রবার ব্যতিত অন্য কোন দিন পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ বন্ধ রাখলে উক্ত দিনের বিল নিয়ম মোতাবেক কর্তন করা হবে।
- ৬। প্রতি মাসে সন্তোষজনকভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজ সম্পাদন শেষে ২য় পক্ষ (ঠিকাদারী প্রতিষ্ঠান), উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, টাকা ওয়াসা বরাবর বিল দাখিল সাপেক্ষে হিসাব বিভাগের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ৭। যদি পরিচ্ছন্নতা কাজে কোন অভিযোগ আসে কিংবা পরিচ্ছন্নতা কাজ ত্রুটি/অসম্পন্ন থাকে তাহলে অভিযোগ প্রাপ্তির সাথে সাথে পরিচ্ছন্নতা কাজ সম্পন্ন করতে হবে।
- ৮। উভয় পক্ষের সম্মতিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চুক্তিপত্রের মেয়াদ বৃদ্ধি করা যাবে।
- ৯। কার্পেট, ম্যাট ইত্যাদি পরিষ্কার-পরিচ্ছন্নতার ক্ষেত্রে প্রয়োজনীয় যন্ত্র দ্বারা পরিষ্কার করতে হবে।
- ১০। পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মীদের নির্দিষ্ট পোশাক পরিধান করতে হবে এবং পরিচয় পত্র গলায় ঝুলিয়ে রাখতে হবে।

চলমান পাতা-৩

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳ ১০০



৳ ১০০

একশত টাকা

খফ

২৫৩০৩০৯

আমরা উভয় পক্ষ উল্লেখকৃত শর্তাবলী পড়ে এর মর্ম উপলব্ধি করে বর্ণিত শর্তাবলী মেনে নিয়ে স্বেচ্ছায়, স্বজ্ঞানে এবং অন্য কারো প্ররোচনা ব্যতিরেকে এই চুক্তিনামায় স্বাক্ষর করলাম।

প্রথম পক্ষ :

(শেখ এনায়েত আব্দুল্লাহ)
উপ-সচিব (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।
ফোন : ০২-৫৫০১২০৮

স্বাক্ষরী :

১।
মোঃ মোরশেদুল ইসলাম
সহকারী সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

দ্বিতীয় পক্ষ :

জনাব মশিউর রহমান খান
প্রোপাইটর
গ্যালাক্সি ম্যানেজমেন্ট সার্ভিস
দোকান নং-০৪, ৪র্থ তলা, রজনীগন্ধা টাওয়ার,
রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টনমেন্ট,
ঢাকা-১২০৬।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”